german cooperation
DEUTSCHE ZUSAMMENARBEIT

Co-funded by the European Union

Implemented by:
giz Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH

In cooperation with:

সোশ্যাল ল্যাবস

অংশগ্রহণমূলক সমস্যা সমাধানের অনুশীলন নির্দেশিকা

প্রকাশনা

ডয়েচে গেজেলশ্যাফট ফুর ইন্টারন্যাশনাল সুজামেনআরবাইট (জিআইজেড) জিএমবিএইচ

নিবন্ধিত কার্যালয়
বর্ন এবং এসবর্ন, জার্মানী

জিআইজেড বাংলাদেশ
পিও বক্স ৬০৯১, গুলশান ১
ঢাকা ১২১২, বাংলাদেশ
টেলিফোন: +৮৮০ ৯৬৬ ৬৭০১ ০০০
ফ্যাক্স: +৮৮০ ২ ৫৫০৬ ৮৭৫৩
ইমেইল: giz-bangladesh@giz.de
ওয়েবসাইট: www.giz.de/bangladesh

প্রকল্প:
আরবান ম্যানেজমেন্ট অব ইন্টারনাল মাইগ্রেশন ডিউ টু ক্লাইমেট চেঞ্জ/ আরবান ম্যানেজমেন্ট অব মাইগ্রেশন এন্ড লাইভলিহুড (ইউএমআইএমসিসি/ ইউএমএমএল)

লেখক:
এন্টোনিয়া ব্রিল, অ্যাডভাইজর, ইউএমআইএমসিসি/ ইউএমএমএল, জিআইজিড বাংলাদেশ
চন্দ্রমনি চাকমা, কর্মসূচী কর্মকর্তা (এসডব্লিউভিসি), কারিতাস বাংলাদেশ
সৌরভ রোজারিও, ব্যবস্থাপক (এসডব্লিউভিসি), কারিতাস বাংলাদেশ
লরিয়েন কুইরোস, ইন্টার্ন, ইউএমআইএমসিসি/ ইউএমএমএল, জিআইজিড বাংলাদেশ

প্রচ্ছে, অলংকরণ ও মুদ্রণ:
পিক্সেল ভি কমিউনিকেশন

ছবি স্বত্ব:
জিআইজিড বাংলাদেশ, কারিতাস বাংলাদেশ

এই প্রকাশনাটি জার্মান ফেডারেল মিনিস্ট্রি ফর ইকোনমিক কো অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট বিএমজেড এবং ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এর যৌথ অর্থায়নে প্রকাশিত হয়েছে। জিআইজিড বাংলাদেশ এবং কারিতাস বাংলাদেশ এই প্রকাশনার বিষয়বস্তুর জন্য যৌথভাবে দায়বদ্ধ।

সেপ্টেম্বর ২০২৩, ঢাকা, বাংলাদেশ

সূচিপত্র

সংক্ষিপ্ত শব্দের তালিকা ২
কৃতজ্ঞতা স্বীকার ৩
ভূমিকা ৪

অধ্যায়-১
কমিউনিটির ক্ষমতায়নে সোশ্যাল ল্যাবের ভূমিকা ৬

অধ্যায়-২
সোশ্যাল ল্যাবের টেকসই বাস্তবায়ন ১২
১. প্রস্তুতিমূলক পর্যায় ১৩
২. বাস্তবায়ন পর্যায় ১৫
৩. আগামী পর্যবেক্ষণ পর্যায় ১৭
৪. টেকসই সোশ্যাল ল্যাবের মাধ্যমে প্রভাব বিস্তার ১৮

অধ্যায়-৩
সোশ্যাল ল্যাবের সাফল্যের গল্প ১৯
মাঠ থেকে প্রাপ্ত অভিজ্ঞতা (সাফল্যের গল্প ১-৫) ২০-৩৩

অধ্যায়-৪
গুরুত্বপূর্ণ শিখন এবং সুপারিশ ৩৪
উপসংহার ৩৬
সংযোজন ৩৭

সংযোজন-১: সোশ্যাল ল্যাব এর কমিউনিটি সাপোর্ট গ্রুপ/ কমিউনিটি স্বেচ্ছাসেবক দল গঠনের নির্দেশিকা
সংযোজন-২: প্রকল্প প্রস্তাবনা তৈরির নমুনা
সংযোজন-৩: আর্থিক খরচ পরিকল্পনা /অথবা বাজেট তৈরির নমুনা
সংযোজন-৪: সভার কার্যবিবরণীর নমুনা

সংক্ষিপ্ত তালিকা

সিবি- কারিতাস বাংলাদেশ

সিডিসি- কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটি

ডিওএল- ডিপার্টমেন্ট অফ লেবার

ডিপিএইচ- ডিপার্টমেন্ট অফ পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং

ডিডব্লিওও- ডিপার্টমেন্ট অফ উইমেন অ্যাফেয়ার্স

ডিওয়াইডি- ডিপার্টমেন্ট অফ ইয়ুথ ডেভেলপমেন্ট

ডিএসএস- ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিসেস

আরসিসি- রাজশাহী সিটি কর্পোরেশন

কেসিসি- খুলনা সিটি কর্পোরেশন

এনজিও- নন-গভর্নমেন্টাল অর্গানাইজেশান

আইএনজিও- ইন্টারন্যাশনাল নন-গভর্নমেন্টাল অর্গানাইজেশান

এসডিজি- সাস্টেইনেবল ডেভেলপমেন্ট গোলস

ইউএমআইএমসিসি- আরবান ম্যানেজমেন্ট অফ ইন্টারনাল মাইগ্রেশন ডউ টু ক্লাইমেট চেঞ্জ

ইউএমএমএল- আরবান ম্যানেজমেন্ট অফ মাইগ্রেশন এন্ড লাইভিলিহুড

কৃতজ্ঞতা স্বীকার

প্রথমত, আমরা বাংলাদেশের শহরাঞ্চলের জলবায়ু অভিবাসী এবং দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নতির লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা বিভাগের সহযোগিতা এবং অবদানের **জন্য তাদেরকে জানাই আন্তরিক** ধন্যবাদ । তাদের ক্রমাগত **সহযোগিতা** ও অক্লান্ত পরিশ্রম ছাড়া সোশ্যাল ল্যাবের প্রেক্ষাপট এখানে উপস্থাপন ও বাস্তবায়ন করা এবং সফলতার অভিজ্ঞতা লিপিবদ্ধ করা সম্ভব হত না।

আমরা সকল অংশগ্রহণকারী, কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটির নেতৃবৃন্দ, কমিউনিটির স্বেচ্ছাসেবকবৃন্দ, স্থানীয় সরকার কর্তৃপক্ষ- খুলনা, রাজশাহী সিটি কপোরেশন, সাতক্ষীরা ও সিরাজগঞ্জ পৌরসভার মেয়রদের প্রতি প্রকাশ করছি সীমাহীন কৃতজ্ঞতা। তাদের সক্রিয় অংশগ্রহণ এবং **ফলপ্রসু** সহযোগিতা ছাড়া সোশ্যাল ল্যাবের সফল বাস্তবায়ন ও সাফল্য অর্জন সম্ভব হত না। ইউএমআইএমসিসি/ইউএমএমএল এর অংশীদারী শহরগুলোর অনানুষ্ঠানিক বসতিতে বসবাসকারী কমিউনিটির টেকসই উন্নয়নের জন্য অংশগ্রহণমূলক সমাধান খুঁজে বের করা এবং টেকসই উন্নয়ন নিশ্চিকরণে তাদের সহযোগিতা,ধারণালব্দ জ্ঞান এবং আন্তরিক প্রচেষ্টা এই ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছে।

বিভিন্ন জিও, এনজিও এবং অন্যান্য সংস্থাসহ যারা সোশ্যাল ল্যাব প্রক্রিয়ায় সহায়তা এবং সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলের প্রতি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা। আমরা যে কমিউনিটিগুলোতে কর্মসূচী বাস্তবায়ন করি সে সমস্ত জণগোষ্ঠির জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে আপনাদের দক্ষতা, পরামর্শ, সহযোগিতা এবং নির্দেশনা সোশ্যাল ল্যাবের কার্যকারিতা এবং সফল বাস্তবায়নে ব্যাপকভাবে অবদান রেখেছে।

আপনাদের সকলের সম্মিলিত প্রচেষ্টা এবং সহযোগিতা ছাড়া আমাদের এই অর্জন সম্ভব হত না। একইসঙ্গে, আমরা বাংলাদেশের অনানুষ্ঠানিক বসতিগুলোতে প্রাণবন্ত এবং অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি তৈরির দিকে রূপান্তরমূলক যাত্রা শুরু করেছি। আপনার প্রতিশ্রুতি এবং সহযোগিতা টেকসই উন্নযন এবং দীর্ঘস্থায়ী ইতিবাচক পরিবর্তনের পথ তৈরি করেছে। একইসঙ্গে এই কার্যক্রম চলমান রাখা, ইতোমধ্যে যে অগ্রগতি সাধিত করেছি তার উপর ভিত্তি করে সবার জন্য একটি উন্নত ভবিষ্যত তৈরি করার জন্য সহায়ক হবে।

পরিশেষে, শহরে বসবাসকারী জলবায়ু অভিবাসী এবং দরিদ্র্যদের জীবনকে উন্নত করার লক্ষ্যে আমাদের চলমান প্রচেষ্টায় অংশীদার হওয়ার জন্য **সংশ্লিষ্ট সকলের** প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

ভূমিকা

বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের ঝুঁকিকে ভবিষৎ টেকসই উন্নয়নের জন্য বড় ধরণের প্রতিবন্ধকতা হিসেবে বিবেচনা করা হচ্ছে এবং ৬৪ জেলার মধ্যে ৪০ জেলা এই ঝুঁকির মধ্যে রয়েছে বলে প্রতীয়মান হয়। এ প্রেক্ষাপটে সমস্যা চিহ্নিতকরণ ও সমস্যা সমাধানে সোশ্যাল ল্যাব বিভিন্ন সরকারী বিভাগ, স্থানীয় সরকার কর্তৃপক্ষ, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থার মধ্যে সহযোগিতা, সংযোগ ও পারস্পরিক সম্পর্ক স্থাপনে সহযোগিতা করে। মূল দলের সদস্য এবং কমিউনিটির স্বেচ্ছাসেবকদের মধ্যে নিয়মিত সংলাপ কমিউনিটির সদস্যদের এবং বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণকারীদের মধ্যে সম্পর্কের উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করে। বর্তমানে জলবায়ু অভিবাসী ও শহরে স্থানান্তরিত জনবসতির জীবন-মান উন্নয়নের জন্য নানা ধরণের কার্যক্রম বাংলাদেশে বাস্তবায়িত হচ্ছে। এই প্রেক্ষাপটে আরবান ম্যানেজমেন্ট অফ ইন্টারনাল মাইগ্রেশেন ডিউ টু ক্লাইমেট চেন্জ (ইউএমআইএমসিসি)/আরবান ম্যানেজমেন্ট অফ মাইগ্রেশন এন্ড লাইভলিহুড (ইউএমএমএল) প্রকল্পটি জলবায়ু অভিবাসী ও হতদরিদ্র যারা শহরের অনানুষ্ঠানিক বসতিতে বসবাসরত তাদের জীবন-যাত্রার মান উন্নয়নে নিধারিত শহরে সমাজকল্যাণ মন্ত্রনালয়ের তত্বাবধায়নে এটি বাস্তবায়ন করেছে। দি জার্মান ফেডারেল মিনিষ্ট্রি ফর ইকোনমিক কো-অপরেশন এন্ড ডেভেলপমেন্ট (বিএমজেড) ৫.৫ মিলিয়ন ইউরো এবং ইউরোপিয়ান ইউনিয়ন (ইউ) ১১মিলিয়ন অর্থ ২০১৮-২০২৩ পর্যন্ত প্রকল্পটিতে অর্থায়ন করেছে। এই প্রকল্পের একটি কর্মসূচী হিসেবে সোশ্যাল ল্যাব একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া বা উদ্যোগ যার মাধ্যমে স্থানীয় জনসাধরণের সম্পৃক্তকরণ, সমস্যা-চিহ্নিতকরণ, এবং নতুন চিন্তা-ধারার সাথে যুক্ত হওয়া, সম্ভাব্য সম্পদের উৎস খুজে বের করা এবং ধারণালব্ধ জ্ঞান অর্জনের মাধ্যমে নির্ধাররিত শহরে অনানুষ্ঠানিক বসতিতে বসতিদের জীবনমানের উন্নয়ন তরান্বিত করা। মূল সমস্যাগুলি চিহ্নিতকরণ এবং সেগুলো সমাধানের লক্ষ্যে, সমস্যাগুলোকে অংশগ্রহণমূলকভাবে অগ্রাধিকার দিয়ে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে দিক-নির্দেশনা প্রদান করে ।

সোশ্যাল ল্যাব পদ্ধতির উপর এই হ্যান্ডবুকটি তৈরির উদ্দেশ্য হলো স্থানীয় সমস্যা চিহ্নিত করা এবং তা সমাধানের উপায় খুজে বের করা, সমস্যা সমাধান এবং সহযোগিতামূলক সিদ্ধান্ত গ্রহণের জন্য ব্যক্তি, সংস্থা, কমিউনিটি, স্থানীয় সরকার, বিভিন্ন সংস্থা এবং সোশ্যাল ল্যাবের শক্তিকে কাজে লাগাতে আগ্রহী গবেষকদের একটি বিস্তৃত এবং ব্যবহারিক নির্দেশিকা প্রদানের মাধ্যমে ইতিবাচক এই অনুশীলনগুলো চলমান রাখা। এই ধরনের একটি হ্যান্ডবুক সোশ্যাল ল্যাব পদ্ধতির জন্য একটি মূল্যবান সম্পদ হিসাবে কাজ করবে। সোশ্যাল ল্যাবের বিভিন্ন ধাপের নির্দেশাবলী, কেস স্টাডি এবং গুরুত্বপূণ অনুশীলনগুলো প্রদান করার মাধ্যমে অন্যান্য সিটি কর্পোরেশন এবং পৌরসভা গুলোতে একই পদ্ধতি অনুসরণের কাজে ব্যবহার করা যাবে। এটির লক্ষ্য হল সোশ্যাল ল্যাবগুলোকে কার্যকরভাবে চলমানরাখা এবং সহজতর করার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং সরঞ্জামের সাহায্যে ব্যবহারকারীদের ক্ষমতায়ন করা, আন্তঃবিভাগীয় সহযোগিতা বাড়ানো এবং পদ্ধতিগত পরিবর্তনকে উৎসাহিত করা। হ্যান্ডবুকটি সমাজের প্রধান প্রধান চ্যালেঞ্জগুলো মোকাবেলা এবং স্থানীয় প্রেক্ষাপটে ইতিবাচক, টেকসই উন্নয়নে একটি গতিশীল প্রক্রিয়া হিসাবে সোশ্যাল ল্যাব পদ্ধতি প্রয়োগে সহায়তা করবে।

কারিতাস বাংলাদেশ এবং জিআইজেড বাংলাদেশ এর ইউএমআইএমসিসি/ইউএমএমএল প্রকল্পের সহযোগিতায় তৈরি করা এই হ্যান্ডবুকটি সম্ভাব্য অংশীদারদের সোশ্যাল ল্যাবের সফল বাস্তবায়ন এবং দীর্ঘমেয়াধী কার্যক্রম প্রক্রিয়া জানার ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে। কারণ দারিদ্র্য হ্রাস এবং দীর্ঘমেয়াদে কমিউনিটিগুলোর বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়নে পর্যাপ্ত ব্যবস্থা নিতে এসব উদ্যোগের প্রতি দায়বদ্ধতা তৈরী এবং সক্রিয় অংশগ্রহণ বাড়ানোর জন্য এই প্রক্রিয়াটি সম্পর্কে সম্মুখধারণা অর্জন খুবই গুরুত্বপূর্ণ।

সোশ্যাল ল্যাব অংশগহনকারীদের হ্যান্ডবুকটি কীভাবে ব্যবহার করতে হবে?

সোশ্যাল ল্যাব প্র্যাকটিশনারস হ্যান্ডবুক হল প্রশংসিত প্রসিদ্ধ কমিউনিটি সোশ্যাল ল্যাবের কার্যকর প্রস্তুতি, বাস্তবায়ন এবং টেকসই ব্যবস্থাপনার জন্য একটি বিস্তৃত নির্দেশিকা।

এটিকে তিনটি অধ্যায়ে ভাগ করা হয়েছে: প্রথমত, সূচনা অধ্যায়টিতে কমিউনিটির ক্ষমতায়নের ধারণা এবং কীভাবে সোশ্যাল ল্যাব এতে অবদান রাখে তা উপস্থাপন করা হয়েছে। দ্বিতীয়ত, নির্দেশনামূলক অধ্যায়টিতে সোশ্যাল ল্যাব তৈরি এবং রক্ষণাবেক্ষণের জন্য ধাপে ধাপে নির্দেশনা প্রদান করা হয়েছে, পাঠকের সুবিধার্থে এখানে স্পটলাইট বাক্স দ্বারা মূল তথ্যের সংক্ষিপ্তসার দেয়া হয়েছে। তৃতীয়ত, সফলতার গল্পের অধ্যায়টিতে মাঠ পযায় থেকে উদাহরণ প্রদানের মাধ্যমে কীভাবে সোশ্যাল ল্যাব ইতিমধ্যেই বাংলাদেশের বিভিন্ন কমিউনিটিতে সমাজ-চালিত সমাধানে অবদান রেখেছে তা দেখানো হয়েছে।

সবুজ তথ্য ছকে সোশ্যাল ল্যাবগুলোর সংশ্লিষ্ট সাফলতার গল্পের পরিপ্রেক্ষিতে অর্জিত সামগ্রিক ইতিবাচক প্রভাবগুলোকে সংক্ষিপ্ত করে বর্ণনা করা হয়েছে। চতুর্থত, উপসংহার অধ্যায়টিতে ইউএমআইএমসিসি ও ইউএমএমএল প্রকল্পের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত মূল শিক্ষণ এবং সুপারিশমালা প্রস্তাব করা হয়েছে।

হ্যান্ডবুকটির একদম শেষে একটি পরিশিষ্ট অংশ রয়েছে যাতে টেমপ্লেটের একটি সারি রয়েছে যাতে পাঠকরা তাদের নিজস্ব প্রেক্ষাপটে প্রয়োজন অনুসারে সামঞ্জস্য করতে পারে এবং সোশ্যাল ল্যাব পদ্ধতির প্রতিলিপিতে ব্যবহার করতে পারে।

যেহেতু বাংলাদেশে সোশ্যাল ল্যাবগুলোর পাইলটিং করা হয়েছে, সেহেতু হ্যান্ডবুকটিতে নির্দিষ্ট জাতীয় এবং স্থানীয় কর্মী, প্রয়োজনীয় নথি, বা স্থানীয় চ্যালেঞ্জসহ নির্দিষ্ট দেশের তথ্যের উল্লেখ করা হয়েছে যা অন্যান্য প্রসঙ্গের সাথে সঙ্গতিপূর্ণ নাও হতে পারে। সক্রিয় পাঠককে এই হ্যান্ডবুকটির বিষয়বস্তুগুলোকে তাদের নিজস্ব দেশ বা কমিউনিটির প্রেক্ষাপটে সোশ্যাল ল্যাব পদ্ধতির কার্যকরী প্রতিলিপি করতে উৎসাহিত করা হয়েছে।

অধ্যায়-১

কমিউনিটির ক্ষমতায়নে সোশ্যাল ল্যাবের ভূমিকা

১.১ কমিউনিটির ক্ষমতায়ন কি?

সামাজিক ন্যায্যতা প্রতিষ্ঠা, বৈষম্য হ্রাস এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কমিউনিটির ক্ষমতায়নকে একটি মৌলিক পদ্ধতি হিসাবে বিবেচনা করা হয়। এটির মূল লক্ষ্য হল বাহিরের এক্টরদের থেকে ক্ষমতা এবং সিদ্ধান্ত গ্রহণের ভারসাম্যকে নীতি ও উদ্যোগের দ্বারা সুবিধাভোগীদের জীবনযাত্রার মান উন্নয়নে এবং সার্বিক মঙ্গলের জন্য তাদের কাছে স্থানান্তর করা। জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষমাত্রা-২০৩০ দৃঢ়ভাবে সব স্তরে অন্তর্ভুক্তি এবং অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের আহ্বান জানিয়েছে (এসডিজি-১৬) এবং প্রানবন্ত এবং টেকসই নগর এলাকা (এসডিজি-১১) নির্মাণে ক্ষমতাপ্রাপ্ত কমিউনিটির ভূমিকাকে স্বীকৃতি দেয়।

১.২ সোশ্যাল ল্যাবের প্রয়োজনীয়তা

সোশ্যাল ল্যাব হল একটি উদ্ভাবনী সমাধান যা জটিল সামাজিক চ্যালেঞ্জ মোকাবেলায় একটি সহযোগিতামূলক এবং সহ-সৃষ্টির পদ্ধতি প্রদান করে কমিউনিটির ক্ষমতায়নে অবদান রাখার প্রস্তাব করে। সোশ্যাল ল্যাবগুলো বিনিময় প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে, যেখানে স্থানীয় মূল অংশীদারেরা কার্যকর সমাধানের জন্য অংশগ্রহণমূলক পরিকল্পনা তৈরি করে একটি কমিউনিটির প্রধান প্রধান চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে একত্রিত হয়। এই পরিকল্পনাগুলি স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জাতীয়, আন্তর্জাতিক ও স্থানীয় পর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত অংশীদারদের সহায়তার মাধ্যমে বাস্তবায়িত হয়। বাংলাদেশের শহর অঞ্চলে অনানুষ্ঠানিক বসতিগুলির বাসিন্দাদের দৈনন্দিন জটিল আর্থ-সামাজিক চ্যালেঞ্জগুলো মোকাবেলায় সোশ্যাল ল্যাব বিশেষ ভূমিকা পালন করে থাকে।

বাংলাদেশে নগরায়ন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে যার ফলে অনানুষ্ঠানিক শহরে জনবসতি যেখানে বিশুদ্ধ পানীয় জল বা বিদ্যুতের মতো পর্যাপ্ত মৌলিক সুবিধা নেই। পর্যাপ্ত অবকাঠামো এবং মৌলিক সামাজিক পরিষেবাগুলো থেকে বঞ্চিত এই কমিউনিটিগুলোর বাসিন্দারা জীবন যাত্রার নিম্নমান ও দৈনন্দিন নানান চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে থাকেন। জীবন যাত্রার মান উন্নয়নে তাদের বেশিরভাগেরই প্রধান প্রধান সমস্যাগুলোর মূল কারণ চিহ্নিত করা, সমাধানের পথ খুঁজে বের করা, যৌথভাবে সাংগঠনিক পরিকল্পনা গ্রহণ, ও তা বাস্তবায়নে যথেষ্ট দক্ষতার অভাব রয়েছে।

এই পটভূমিতে, ইউএমআইএমসিসি/ইউএমএমএল প্রকল্পে দেখা গেছে যে বিভিন্ন পরিষেবা প্রদানকারী এবং অন্যান্য অংশীদারদের (যেমন: বিভিন্ন সরকারী বিভাগ, এনজিও বা বেসরকারী সেক্টর) ছাড়াও কমিউনিটিগুলো তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জগুলি সমাধানের জন্য তুলনামূলক সুবিধা ও সহযোগিতা পেয়ে থাকে।

চ্যালেঞ্জগুলির ব্যবধান কমাতে 'সোশ্যাল ল্যাব' নামে একটি কমিউনিটি প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে। একটি সোশ্যাল ল্যাব একটি মূল দল (কোর টিম) দ্বারা গঠিত হয় যাতে সংশ্লিষ্ট অনানুষ্ঠানিক কমিউনিটির প্রতিনিধি, স্থানীয় সরকার সংস্থার বিভিন্ন বিভাগের অংশীদার, সংশ্লিষ্ট এলাকায় কর্মরত স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বেসরকারী সংস্থা, সাংবাদিক এবং প্রভাবশালী ব্যক্তি এবং কমিউনিটির স্বেচ্ছাসেবকরা অন্তর্ভুক্ত থাকে।

এই মূল দলের এবং কমিউনিটি স্বেচ্ছাসেবক দলের সদস্য প্রথমে কমিউনিটির বিদ্যমান সমস্যাগুলি চিহ্নিত করতে এবং আলোচনা করতে পর্যায়ক্রমে মিলিত হন। এর পরে তারা সংলাপের মাধ্যমে কমিউনিটির চলমান প্রধান প্রধান সমস্যাগুলো চিহ্নিত করেন, সমস্যাসমূহকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা তৈরী করেন এবং নির্ধারিত সমস্যার সমাধান চিহ্নিত করে একটি অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়ন করেন। পরিশেষে, সোশ্যাল ল্যাবে অংশগ্রহণকারী সদস্যগণ একটি কৌশলগত পরিকল্পনা তৈরি করে সংশ্লিষ্ট সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তিদের কাছে একটি প্রস্তাবনা আকারে জমা দেওয়া হয়। সম্মিলিতভাবে এই অংশগ্রহনকারীরা পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং চিহ্নিত সমস্যাগুলি সমাধান করতে সহায়তা করে।

সোশ্যাল ল্যাবের কমিউনিটি স্বেচ্ছাসেবকরা কমিউনিটির সমস্যাগুলোকে সমাধান করতে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কমিউনিটি বাসিন্দাদের এবং সংশ্লিষ্ট সংস্থাগুলির মধ্যে দৃশ্যমানতা এবং সচেতনতা বাড়াতে অ্যাডভোকেসি এবং নেটওয়ার্কিং কার্যক্রম পরিচালনা করে। সোশ্যাল ল্যাব সদস্যদের সক্ষমতা তৈরি করতে, রাজনৈতিক এজেন্ডায় কমিউনিটির সমস্যাগুলো উত্থাপন করতে এবং ক্রমাগত দাবীর মাধ্যমে কমিউনিটির সমস্যাগুলি সমাধানের জন্য প্রক্রিয়াগুলিকে ত্বরান্বিত করতে অ্যাডভোকেসি এবং নেটওয়ার্কিং একটি মৌলিক বৈশিষ্ট্য।

১.৩ সোশ্যাল ল্যাব কীভাবে কমিউনিটির ক্ষমতায়নে অবদান রাখে?

সোশ্যাল ল্যাবকে গতিশীল প্ল্যাটফর্ম হিসাবে আটটি মূল প্রভাব মাত্রা জুড়ে সহযোগিতা, শেখার, উদ্ভাবন এবং সম্মিলিত পদক্ষেপের মাধ্যমে কমিউনিটিকে শক্তিশালী করে:

১. অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ: সোশ্যাল ল্যাবগুলোকে এমনভাবে গঠন করা হয়েছে যেখানে বিভিন্ন অংশীদারসহ কমিউনিটির সদস্যরা সমস্যা সমাধান এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে। এই অন্তর্ভুক্তি সমস্যাগুলির দ্বারা সরাসরি সুবিধাভোগীদের কণ্ঠস্বর এবং দৃষ্টিভঙ্গি শোনা এবং বিবেচনা করা নিশ্চিত করে।

২. সমাধানের সৃষ্টিশীল চিন্তাধারা: সোশ্যাল ল্যাব সৃষ্টিশীল চিন্তাধারাকে উৎসাহিত করে, যেখানে কমিউনিটির সদস্যরা, বিশেষজ্ঞ, সরকারী প্রতিনিধি এবং অন্যান্য অংশীদারদের সাথে কমিউনিটির চ্যালেঞ্জগুলোর গঠনমূলক সমাধানে সম্মিলিতভাবে কাজ করে। এই পদ্ধতি তাদের বিদ্যমান সমস্যা সমাধানে দিক-নির্দেশনা প্রদান ও ক্ষমতায়িতকরণে সহায়তা করে।

৩. শিখন এবং সক্ষমতা বৃদ্ধি: কমিউনিটিগুলো তাদের চিহ্নিত সমস্যা সমাধানের পাশাপাশি অর্জিত জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে ভবিষ্যতের প্রতিবন্ধকতা দূরকরণে কার্যকরি উদ্যোগ গ্রহণ করতে পারে।

৪. কাঠামোগত চিন্তা বা পদ্ধতিগত ভাবনা: সোশ্যাল ল্যাবস অংশগ্রহণকারীদের একটি কাঠামোগত চিন্তা বা পদ্ধতিগত ভাবনা গ্রহণ করতে উৎসাহিত করে, যা কমিউনিটিগুলো বিশেষ করে সহযোগী অংশীদারদেরকে জটিল সমস্যাগুলির মূল কারণগুলি এবং এর ধরণ ভালভাবে বুঝতে সম্মুখ ধারণা প্রদান করে যা সামগ্রিকভাবে টেকসই উন্নয়নকে গতিশীল করে।

৫. পরীক্ষা-নিরীক্ষা এবং অভিযোজন: সোশ্যাল ল্যাব নতুন ধারণা এবং পদ্ধতির পরীক্ষা-নিরীক্ষা এবং অভিযোজন কৌশল প্রয়োগের মাধ্যমে শিখনমূলক পরিবেশ ও প্রতিবন্ধকতা মোকাবেলা করার সক্ষমতা তৈরীতে সহায়ক ভূমিকা পালন করে।

৬. রিসোর্স মোবিলাইজেশন: সোশ্যাল ল্যাব পর্যাপ্ত দাতা এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সনাক্তকরণের মাধ্যমে সমাজে বিদ্যমান সমস্যাসমূহ সমাধানের জন্য আর্থিক সহায়তা এবং প্রযুক্তিগত দক্ষতাসহ রিসোর্স মোবিলাইজেশন করতে সহায়তা করতে পারে। রিসোর্স মোবিলাইজেশন কেবল কমিউনিটিগুলোকে তাদের ধারণা এবং উদ্যোগের উপর পদক্ষেপ নিতেই নয়, বরং অলাভজনক প্রতিষ্ঠান, সরকারী প্রতিষ্ঠান, ব্যবসা এবং ধারাবাহিক সহযোগিতার জন্য অন্যান্য কমিউনিটির মতো অংশীদারদের একটি নেটওয়ার্ক তৈরি করতেও সক্ষম করে তোলে।

৭. পলিসি এডভোকেসি: সফল সোশ্যাল ল্যাব উদ্যোগ স্থানীয়, আঞ্চলিক বা এমনকি জাতীয় পর্যায়ে নীতি পরিবর্তনকে প্রভাবিত করতে পারে। পলিসি এডভোকেসির মাধ্যমে সমস্যা সমাধানের কার্যকরী ফলাফল পাওয়া যায় এবং কমিউনিটিগুলো তাদের প্রভাবিত করে এমন নীতিগুলোর উপর স্থায়ী প্রভাব ফেলতে পারে।

৮. কমিউনিটির অংশীদারিত্ব: সবশেষে, সোশ্যাল ল্যাবস কমিউনিটির সদস্যদের মধ্যে অংশীদারিত্বের অনুভূতি সৃষ্টি করে। ক্ষমতাপ্রাপ্ত কমিউনিটিগুলো সোশ্যাল ল্যাবের মাধ্যমে শুরু হওয়া পরিবর্তনগুলোকে টিকিয়ে রাখে এবং যা স্থায়ীত্বশীল পরিবর্তনের দিকে পরিচালিত করে।

১.৪ সোশ্যাল ল্যাবের প্রকৃত সুবিধাভোগী কারা?

সোশ্যাল ল্যাব মৌলিকভাবে সরকার, সুশীল সমাজ, বেসরকারী খাত এবং একাডেমিয়াসহ উন্নয়ন সহযোগিদের দ্বারা সক্রিয় করা হয়, তারা সকলেই বাস্তবায়ন সাফল্যের সব স্তরে যথেষ্ট প্রভাব ফেলে কারণ তারা ধারণাগুলি অনুশীলনে জ্ঞান ও উদ্ভাবনকে উৎসাহিত করে এবং রূপান্তরের জন্য আর্থিক উপায় সরবরাহ করে। ধারণাগুলি অনুশীলনে যারা অবদান রাখেন, যেমন: সমাজসেবা অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, পৌরসভাসহ কমিউনিটির সংশ্লিষ্ট সুবিধাভোগীরা।

- **পাবলিক অ্যাক্টর** হল সরকারী বিভাগ বা স্থানীয় সরকার, যেমন সমাজসেবা অধিদপ্তর (ডিএসএস), যুব উন্নয়ন অধিদপ্তর (ডিওয়াইডি), মহিলা বিষয়ক অধিদপ্তর (ডিডব্লিউএ), জনস্বাস্থ্য বিভাগ (ডিপিএইস), শ্রম বিভাগ (ডিওএল), পৌরসভাসহ কমিউনিটির সুবিধাভোগীরা। যারা মূল দলের সদস্য এবং স্বেচ্ছাসেবকদের সোশ্যাল ল্যাব সংলাপে সক্রিয় অংশগ্রহণকারী। তারা তাদের বিভাগের সাথে সম্পর্কিত চিহ্নিত সমস্যাগুলোর সমাধানে অবদান রাখার জন্য সহযোগী হিসাবে ভুমিকা রাখে। জনগণ ও নীতিনির্ধারকদের মধ্যে সংযোগ স্থাপন করে, এবং কমিউনিটির সমস্যাসমাধোনে উদ্যোগগ্রহণে সংশ্লিষ্ট সকলেকে একত্রিত করে। তাদের এজেন্ডায় কমিউনিটিরর উদ্বেগগুলোকে তুলে ধরার জন্য একত্রিত করা যায়। অতএব, সোশ্যাল ল্যাবগুলোর জন্য কার্যকর ফলাফল অর্জনের জন্য পাবলিক অ্যাক্টরদের ভুমিকা গুরুত্বপূর্ণ।

- **সুশীল সমাজ,** কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটি (সিডিসি) নেতৃবৃন্দ এবং ওয়ার্ড কাউন্সিলররা হচ্ছে জনগণের প্রতিনিধিত্বকারী সংস্থা। সুশীল সমাজ, গোষ্ঠী , কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটির (সিডিসি) নেতারা এবং ওয়ার্ড কাউন্সিলররা হলো প্রতিনিধিত্বকারী সংস্থা যারা জনগণের জন্য নিযুক্ত থাকে। তারা সামাজিক ল্যাবকে সকলের সক্রিয় অংশগ্রহণের সুযোগ করে দেয়ার মাধ্যমে স্থানীয় উদ্ভাবন এবং সৃজনশীল সমাধানের কেন্দ্রে পরিণত করে। 'সুশীল সমাজ' হিসেবে এমন কোনো ব্যক্তিকে বিবেচনা করা যেতে পারে যিনি সর্বস্তরে সমস্যা সমাধান করতে অনুপ্রাণিত হন। তিনি একজন ব্যক্তি বা কোনো মেডিকেল কোম্পানি বা অন্য যে কোনো কোম্পানিও হতে পারে যারা স্বেচ্ছাসেবকদের জন্য বিভিন্ন রোগের প্রাদুর্ভাবের সময় বিনামূল্যে ওষুধ সরবরাহ করে যেমন: মাসিকের বা ব্যক্তিগত স্বাস্থ্যবিধি পরিচর্যার জন্য স্যানিটারি ন্যাপকিন সরবরাহ করে থাকে। 'সিডিসি সদস্যরা' সোশ্যাল ল্যাবের মাধ্যমে কমিউনিটির সমস্যা নিয়ে আলোচনা করে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের সাথে কমিউনিটির পক্ষে প্রতিনিধিত্ব করে।

- **বিশ্ববিদ্যালয়,** গবেষণা প্রতিষ্ঠান এবং উন্নয়ন সংস্থাসহ একাডেমিয়া বা থিঙ্ক ট্যাঙ্কস সোশ্যাল ল্যাবের কার্যক্রম মূল্যায়ন এবং দৃশ্যমানতা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এটি সমালোচনামূলক গবেষণা, যেখানে বিভিন্ন তথ্য বিষয়ক সূক্ষ দৃষ্টি নিয়ে এবং একটি বহুবিভাগীয় দৃষ্টিকোণ থেকে কীভাবে জটিল সামাজিক চ্যালেঞ্জগুলি সমাধান করা যেতে পারে তার বর্ণনা থাকে। একাডেমিক প্রতিষ্ঠানগুলোর সাথে সম্ভাব্য অংশীদারিত্বের মাধ্যমে সোশ্যাল ল্যাব গবেষক এবং শিক্ষার্থীদের কাছে প্রবেশাধিকার পেতে পারে যারা আবার নতুন দৃষ্টিভঙ্গি এবং উদ্ভাবনী সমাধানগুলোতে অবদান রাখতে পারে। এছাড়া, একাডেমিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলোকে অবহিত করতে এবং সামাজিক সমস্যাগুলোর জন্য কার্যকর কৌশল প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য কমিউনিটির সক্ষমতা বাড়াতে সহায়তা করতে পারে।

- **বেসরকারী বা প্রাইভেট অ্যাক্টর,** ব্যক্তি বা সংস্থা যা ই হোক না কেন (যেমন এনজিও, প্রযুক্তি কোম্পানি, ইত্যাদি), চিহ্নিত সমাধান বাস্তবায়নের জন্য অপরিহার্য। তারা আর্থিক সংস্থান, বিষয়-বস্তুর দক্ষতা, বা উদ্ভাবনী প্রযুক্তির অবদানের মাধ্যমে উদ্যোগগুলোকে স্থায়ী করতে সহায়তা করে এবং কমিউনিটিগুলোতে স্পনসর বা দাতা হিসাবে কাজ করে। বেসরকারী এক্টররা সোশ্যাল ল্যাব সদস্যদের দ্বারা প্রস্তাবিত একটি নির্দিষ্ট প্রকল্প বাস্তবায়নের জন্য আবেদনগুলো গ্রহণ করে।

অধ্যায়-২

সোশ্যাল ল্যাবের টেকসই বাস্তবায়ন

২.১ সোশ্যাল ল্যাব পদ্ধতি কি?

জিআইজেড বাংলাদেশের সহযোগিতায় কারিতাস বাংলাদেশ শহরের অনানুষ্ঠানিক বসতির দরিদ্র মানুষেদের তাদের নিজেদের সমস্যা সমাধানের জন্য সোশ্যাল ল্যাব পদ্ধতি (এসএলএম) অনুশীলন করেছে। পদ্ধতিটি একটি কাঠামোগত প্রক্রিয়া অনুসরণ করে সমস্যা চিহ্নিতকরণ, অংশীদারদের সম্পৃক্ততা, তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ ইত্যাদি কাজগুলো করে। সবশেষে পদ্ধতিটি এমন অংশীদারদের চিহ্নিত করে যাদের হস্তক্ষেপের মাধ্যমে পূর্বে অগ্রাধিকার দেওয়া সমস্যার সমাধান নিয়ে আসে। সোশ্যাল ল্যাব পদ্ধতি (এসএলএম) একটি নিয়মিত পরামর্শ এবং শিখন প্রক্রিয়ার উপর ভিত্তি করে উন্মুক্ত সংলাপ, পুনরাবৃত্তি, এবং অভিযোজনে উৎসাহিত করে। এখানে একটি মূল দল কমিউনিটির সমস্যাগুলোকে অগ্রাধিকার দিয়ে সমাধানগুলো তরান্বিত করতে সংলাপগুলো পরিচালনার কাঠামোগত প্রক্রিয়ার নেতৃত্ব দেয়। এইভাবে সোশ্যাল ল্যাব পদ্ধতি অনুসরণ করে কোর টিম স্বেচ্ছাসেবকদের সাথে নিয়ে সংশ্লিষ্ট বস্তিগুলোতে কমিউনিটি পর্যায়ে সমস্যাগুলো সমাধান করতে পারে। সোশ্যাল ল্যাবের মূল লক্ষ্যই হল জটিল চ্যালেঞ্জগুলোকে যৌথ এবং উদ্ভাবনী উপায়ে মোকাবেলা করা, সমস্যা সমাধানের জন্য প্রথাগত পদ্ধতির বাহিরে গিয়ে আরও অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই ফলাফলকে উৎসাহিত করা।

২.২ সোশ্যাল ল্যাব পদ্ধতি: পর্যায়ক্রমিক নির্দেশিকা

চিহ্নিত কমিউনিটির সমস্যাগুলো সমাধান করতে ইউএমআইএমসিসি/ইউএমএমএল-এর কমিউনিটি সোশ্যাল ল্যাবের অভিজ্ঞতার উপর ভিত্তি করে একটি ধারাবাহিক পদক্ষেপ নেওয়া যেতে পারে। এই ধাপগুলোকে তিনটি মূল ধাপে ভাগ করা হয়েছে। সেগুলো হলো: ১. প্রস্তুতিমূলক পর্যায়, ২. বাস্তবায়ন পর্যায় এবং ৩. ফলো-আপ পর্যায়।

১. প্রস্তুতিমূলক পর্যায়:

একটি মূল দল এবং একটি কমিউনিটি স্বেচ্ছাসেবক দল গঠন

ক. গঠনপ্রণালী

প্রতিটি সোশ্যাল ল্যাব একটি মূল দল এবং একটি কমিউনিটি স্বেচ্ছাসেবক দল নিয়ে গঠিত।

কোর টিম বা মূল দলটি বিভিন্ন সরকারি বিভাগের ১০-১২ জন প্রতিনিধি যেমন সমাজসেবা অধিদপ্তর (ডিএসএস), মহিলা বিষয়ক অধিদপ্তর (ডিডব্লিউএ), যুব উন্নয়ন অধিদপ্তর (ডিওয়াইডি), সিটি কর্পোরেশন/মিউনিসিপ্যালিটি, আইএনজিও/এনজিও যারা সংশ্লিষ্ট বস্তি বা কমিউনিটিতে কাজ করছে, স্থানীয় কাউন্সিলর এবং একজন সাংবাদিক নিয়ে গঠিত হবে। সুনির্দিষ্ট সমস্যার জন্য মূল দল অন্যান্য বিভাগ থেকে দক্ষতা বা অ্যাডভোকেসির জন্য পরিকল্পনার উদ্দেশ্যে এক বা একাধিক সংলাপ অধিবেশনে অংশগ্রহণের জন্য প্রতিনিধিদেরকে আমন্ত্রণ জানাতে পারে।

মূল দলের নির্দিষ্ট দায়িত্ব ও কর্তব্য

- সোশ্যাল ল্যাবের সার্বিক কার্যক্রম পরিচালনা ও সমন্বয় করা
- সংলাপ সেশনের ব্যবস্থা করা এবং সমন্বয় করা
- কমিউনিটির প্রতিনিধিদের সাথে ফলপ্রসূ আলোচনার সুবিধা দেওয়া
- নির্দিষ্ট সংলাপ সেশনের জন্য সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের প্রস্তাব করা এবং আমন্ত্রণ জানানো
- প্রকল্পের প্রস্তাবনা এবং তহবিল আবেদনের বিস্তারিত, সংশোধন এবং অনুমোদন করা

- বিভিন্ন দাতা এবং অংশীদারদের সাথে যোগাযোগ করা এবং প্রয়োজনে তাদের কার্যক্রম পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।

- সোশ্যাল ল্যাব কার্যক্রমের ডকুমেন্টেশন, পর্যবেক্ষণ, এবং মূল্যায়ন নিশ্চিত করা

- কমিউনিটির স্বেচ্ছাসেবক দলকে তাদের কাজ, বিশেষ করে মিডিয়া যোগাযোগ, অ্যাডভোকেসি এবং সমস্যা সমাধানে বিস্তারিত বিষয়ে নির্দেশনা দেওয়া

- এই বিভাগে বর্ণিত কর্তব্য এবং কাজগুলো সম্পাদন করার জন্য প্রয়োজনীয় যে কোনও পদক্ষেপ গ্রহণ করা

- সংশ্লিষ্ট বিভাগের সাথে জমা দেওয়া প্রকল্প প্রস্তাবনাগুলোর অগ্রগতি পর্যবেক্ষণ করা

- অনুমোদন পাওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ/মিটিং/লবিং করা

একটি কমিউনিটি স্বেচ্ছাসেবক দল কোর টিমকে (সিটি) তাদের নিয়মিত এবং নির্দিষ্ট কাজে সহায়তা করে। কর্মক্ষেত্র এবং কমিউনিটির আকারের উপর নির্ভর করে এতে ৬-১০ জন সদস্য থাকতে পারে। স্বেচ্ছাসেবকদের অবশ্যই তাদের আগ্রহ দেখাতে হবে এবং তাদের মধ্যে অন্তত ৮০ শতাংশ নারী থাকা উচিত। কমিউনিটি স্বেচ্ছাসেবক দলের নিম্নলিখিত দায়িত্ব এবং কাজগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- কোর টিমের প্রয়োজন অনুসারে সমস্ত ধরণের প্রযুক্তিগত সহায়তা প্রদান করা
- যেখানে প্রয়োজন সেখানে সোশ্যাল ল্যাব সংলাপ সমন্বয় করা
- কমিউনিটির চাহিদার পরিপ্রেক্ষিতে সংলাপ আলোচনার সময় মূল্যবান মতামত প্রদান করা
- নির্দিষ্ট কমিউনিটির সমস্যাগুলো সমাধানে নীতি-নির্ধারণ পর্যায়ে আলোচনার বিষয়ে নিশ্চিত করা
- প্রকল্প প্রস্তাবনা এবং বাস্তবায়নে প্রয়োজনীয় তহবিল সংগ্রহে মুল দলকে সহায়তা করা
- প্রকল্প প্রস্তাবনার বিস্তারিত বিবরণের জন্য নির্দিষ্ট মাঠ থেকে তথ্য সংগ্রহ করা, মূল দলের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা
- প্রকল্প প্রস্তাবনা এবং সামাজিক সুরক্ষা কর্মসূচির অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ/অ্যাডভোকেসি লবিং করা

সংলাপের সময়, সংশ্লিষ্ট স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর কোর টিমের সদস্য হিসাবে সংলাপে সভাপতিত্ব করেন। স্বেচ্ছাসেবকরা তারপর কমিউনিটির প্রতিনিধিদের এজেন্ডা এবং প্রাপ্যতা অনুসারে নির্ধারিত বিভিন্ন সংলাপ পরিচালনায় সহযোগিতা করবে। স্বেচ্ছাসেবকরা কমিউনিটিকে প্রভাবিত করে এমন মূল সমস্যাগুলো নিয়ে আলোচনা করে এবং সেগুলোকে পরবর্তী সংলাপ আলোচনার নির্দেশনা দিতে একটি খাতায় নিয়মতান্ত্রিকভাবে তালিকাভুক্ত করবে।

খ. সিদ্ধান্ত গ্রহণ এবং ভোটদান

সমস্যা অগ্রাধিকার সংলাপের সময় প্রতিটি মূল দলের সদস্য এবং স্বেচ্ছাসেবক সমষ্টিগতভাবে কীভাবে সমস্যাগুলোকে অগ্রাধিকার দেওয়া উচিত তা সিদ্ধান্ত নিতে নিরপেক্ষভাবে ভোট দিবেন। স্বেচ্ছাসেবক এবং মূল দলের সদস্যদের দ্বারা প্রদত্ত সর্বাধিক সংখ্যক ভোটের ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বস্তি/কমিউনিটির সমস্যা সমাধানের জন্য অগ্রাধিকার দিবেন। এইভাবে, ভোটের ফলাফলের ভিত্তিতে প্রধান সমস্যাগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে দেওয়া হয় এবং নির্বাচিত সমস্যার সবচেয়ে উপযুক্ত সমাধানও একইভাবে নির্ধারণ করা হয়। সমস্যাগুলোর অগ্রাধিকার এবং একটি সমাধান চিহ্নিত করার পরেই, মূল দলের সদস্যরা এবং স্বেচ্ছাসেবকরা একটি প্রকল্প প্রস্তাবনা বা প্রকল্পের জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করবে যা সংশ্লিষ্ট অংশীদারের কাছে জমা দেওয়া হবে।

সোশ্যাল ল্যাব একজন ব্যক্তিকে নিয়োগ করবে যে এই প্রস্তাবটি জমা দেবে এবং অনুমোদিত প্রস্তাবের অনুমোদন ও বাস্তবায়নের জন্য বা ফলো-আপ বা অনুসরণ করবে। সংশ্লিষ্ট সংলাপ অধিবেশন প্রস্তাবটি জমা দেওয়ার সময়সীমা এবং প্রস্তাবিত সমাধান বাস্তবায়নের জন্য সবচেয়ে উপযুক্ত অংশীদারের কাছে প্রস্তাবটি দেয়া হবে সে বিষয়েও সিদ্ধান্ত নেবেন।

২. বাস্তবায়ন পর্যায়:

সংলাপ

সোশ্যাল ল্যাব হল নেটওয়ার্কিং এবং সমস্যা-সমাধানের প্ল্যাটফর্ম যা মূল দল এবং স্বেচ্ছাসেবক দলের সদস্যদের মধ্যে একাধিক সংলাপের মাধ্যমে পরস্পর আদান-প্রদানে সক্ষম করে। এই সংলাপ প্রক্রিয়ায় ৪টি পদক্ষেপ অনুসরণ করতে হয়।

ধাপ-১: সমস্যা বা চ্যালেঞ্জ শনাক্তকরণ (সংলাপ ১) এবং অগ্রাধিকার নির্ধারণ (সংলাপ ২): একটি সুবিধাবঞ্চিত কমিউনিটির প্রধান সমস্যাগুলো চিহ্নিত করতে এবং অগ্রাধিকার দিতে মূল দলের সদস্য এবং কমিউনিটির স্বেচ্ছাসেবক দলের সদস্যদের দুটি সংলাপ রয়েছে। কমিউনিটির প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সমস্যাগুলো চিহ্নিত করার পরে, সদস্যরা সমস্যার গুরুত্ব এবং সেই বিষয়ের সমাধানের সম্ভাব্যতা অনুসারে সমস্যাগুলোকে অগ্রাধিকার দেয়। উচ্চাকাঙ্ক্ষী এবং বর্তমান প্রেক্ষাপটে যে সমস্যাগুলি সমাধান একেবারেই সম্ভব না, তা অবশ্যই অগ্রাধিকারে স্থান পাবেনা। একটি কাঠামোগত আলোচনা এবং অর্থপূর্ণ ফলাফল তৈরি করতে সংশ্লিষ্ট ব্রেইনস্টোরমিং বা বুদ্ধিমত্তা কৌশল এবং সরঞ্জাম ব্যবহৃত হয়।

উদাহরণ: সিরাজগঞ্জ পৌরসভার সোশ্যাল ল্যাব বস্তিতে মোট ষোলটি (১৬)টি সমস্যা চিহ্নিত করেছে। যেখানে সড়ক সমস্যাকে বস্তির প্রধান সমস্যা হিসেবে বেছে নেওয়া হয়েছে। তাই, মূল দল এবং স্বেচ্ছাসেবকরা রাস্তা নির্মাণের মাধ্যমে রাস্তার সমস্যা সমাধানের জন্য একটি পরিকল্পনা তৈরি করে।

ধাপ-২: সমাধান শনাক্তকরণ (সংলাপ ৩): কমিউনিটির মুখোমুখি হওয়া মূল সমস্যাগুলো চিহ্নিত করার এবং অগ্রাধিকার দেওয়ার পরে, ৩য় সংলাপটি প্রথম সমস্যার জন্য একটি উপযুক্ত সমাধান চিহ্নিত করার জন্য নিবেদন করবে। এখানে, মূল দলের সদস্যরা এবং স্বেচ্ছাসেবক দলের সদস্যরা আলোচনা করবেন এবং যারা সমস্যা সমাধানে অবদান রাখতে পারে এমন সংশ্লিষ্ট সরকারী বিভাগ, আইএনজিও/এনজিও বা অন্যান্য বেসরকারী সংস্থা বা প্রভাবশালী ব্যক্তিদের চিহ্নিত করবেন।

উদাহরণ: সিরাজগঞ্জ পৌরসভায় মেয়রকে দুই পাশের সংযোগের জন্য বস্তির উপর রাস্তা নির্মাণের জন্য ভারপ্রাপ্ত ব্যক্তি হিসেবে চিহ্নিত করা হয়েছে। কোর টিম এবং স্বেচ্ছাসেবকরা সমাধান প্রস্তাব করার জন্য সিরাজগঞ্জ পৌরসভার মেয়রের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত নিয়েছে।

ধাপ-৩ : অংশগ্রহণমূলক পরিকল্পনা (সংলাপ ৪ এবং ৫): ৪র্থ এবং ৫ম সংলাপের সময় একটি বিশদ পরিকল্পনা তৈরি করা হয়। সেই উদ্দেশ্যে মূল দল এবং স্বেচ্ছাসেবকরা নির্বাচিত সমস্যার প্রস্তাবিত সমাধানের আনুমানিক খরচ নির্দেশ করে একটি বাজেট প্রস্তুত করে। পরবর্তীকালে, একটি প্রস্তাব প্রস্তুত করা হয় যাতে প্রস্তাবিত প্রকল্পটি ব্যাখ্যা করা হয় এবং বিস্তারিতভাবে রূপরেখা দেওয়া হয়। সমস্যার প্রেক্ষাপট বিবেচনা করে প্রস্তাবিত প্রকল্পের প্রাসঙ্গিকতা হাইলাইট করার জন্য একটি ন্যায্যতা পর্ব অন্তর্ভুক্ত করা প্রয়োজনীয়।

অবশেষে, মূল দল এবং স্বেচ্ছাসেবকরা একজন দায়িত্বশীল ব্যক্তি বা একাধিক ব্যক্তিকে নিয়োগ করবেন যারা আবেদনপত্র দাখিল করেন/পরিচালনা করবেন, এর অনুমোদন প্রক্রিয়া অনুসরণ করবেন এবং চূড়ান্ত বাস্তবায়ন করবেন।

প্রথম ধাপ হিসেবে স্বেচ্ছাসেবক দলের সদস্যরা সমস্যা সম্পর্কিত ক্ষেত্র থেকে নির্দিষ্ট তথ্য সংগ্রহ করবে। পরবর্তীকালে, কমিউনিটির স্বেচ্ছাসেবকরা মূল দলের সদস্যদের সাথে পরামর্শ করে পরিকল্পনার লিখিত বিষয়বস্তু বিশদভাবে বর্ণনা করবে। অনেক ক্ষেত্রে এটি একটি আবেদন বা প্রস্তাবনা প্রণয়ন করবে যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা অংশীদারের কাছে জমা দিতে হবে। পরিকল্পনা পর্যায়ে, আর্থিক ব্যয় পরিকল্পনার মতো সুনির্দিষ্ট উপাদানগুলোসহ পরিকল্পনা তৈরি করার জন্য যদি কোন বিশেষজ্ঞের প্রয়োজন হয়, তবে মূল দলটিকে সরকারি বিভাগ যেমন ইঞ্জিনিয়ার, ডাক্তার, কাউন্সিলর ইত্যাদির সংশ্লীষ্ট বিশেষজ্ঞদের আমন্ত্রণ জানাতে হবে। পরিকল্পনায় চিহ্নিত সমস্যা দ্বারা প্রভাবিত লোকের সংখ্যা এবং সেইসাথে কমিউনিটির বাসিন্দাদের সংখ্যা (প্রতিবন্ধী ব্যক্তি, শিশু, মহিলা, বয়স্ক ব্যক্তি সহ) যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রস্তাবিত সমাধান থেকে উপকৃত হবে বলে আশা করা হচ্ছে সে তথ্য অন্তর্ভুক্ত থাকবে। সাধারণত এই সুবিধাভোগী ব্যক্তিদের পরিবারের সংখ্যায় গণনা করা হয়। উদাহরণ স্বরূপ, খুলনা সিটি কর্পোরেশনের রাযের মহল বস্তিতে একটি গভীর নলকূপ স্থাপন ত্রিশটি পরিবারের সম্ভাব্য উপকার করবে।

উদাহরণ: সিরাজগঞ্জ পৌরসভার সোশ্যাল ল্যাবের স্বেচ্ছাসেবকরা রাস্তা তৈরির জন্য একটি জায়গা পরিমাপ করেছেন এবং সিমেন্ট ও কংক্রিটের মতো উপাদানের খরচসহ মোট আনুমানিক খরচ নির্ধারণ করেছেন। পরবর্তীকালে, সোশ্যাল ল্যাবের অংশগ্রহণকারীরা তাদের দৈনন্দিন মালামাল পরিবহন বা স্কুলে এবং হাসপাতালের মতো অন্যান্য জায়গায় চলাচলের কারণে রাস্তা নির্মাণের ফলে উপকৃত হবে এমন বাসিন্দাদের সংখ্যার ভিত্তিতে একটি প্রস্তাবনা তৈরি করেন। এরপর তারা বস্তির অবকাঠামো উন্নয়নের জন্য সিরাজগঞ্জ পৌরসভা মেয়র মহোদয়ের নিকট প্রকল্প প্রস্তাবনাটি জমা দেয়।

ধাপ-৪: আবেদন জমা দেওয়া (সংলাপ ৬): ৬ষ্ট তম সংলাপের সময়, মূল দল-সদস্যরা এবং স্বেচ্ছাসেবকরা পরিকল্পনা বা আবেদনের গুণগত মান পরীক্ষা করে। কমিটি দ্বারা চূড়ান্ত অনুমোদনের পরে, মূল টিম-সদস্যদের এবং স্বেচ্ছাসেবক দলের সদস্যদের নামের একটি তালিকা আবেদনের সাথে জমা দেওয়ার জন্য প্রস্তুত করা হয়। পাশাপাশি, জমা দেওয়ার প্রক্রিয়ার মধ্যে কাউন্সিলর এবং মেয়র মহোদয়ের বিশেষ সুপারিশ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। পরিশেষে, যখন সমস্ত প্রয়োজনীয় নথি এবং সংযোযিত করা হয়, তখন পরিকল্পনা বা আবেদনটি নির্বাচিত সংশ্লিষ্ট সরকারী দপ্তরে জমা দেওয়া হবে।

উদাহরণ: সিরাজগঞ্জ পৌরসভার ১৪ নং ওয়ার্ডে সোশ্যাল ল্যাব সিরাজগঞ্জ পৌরসভার মেয়রের কাছে নির্মিত রাস্তার জন্য একটি প্রকল্প প্রস্তাবনা জমা দিয়েছে। এই আবেদনে একটি ফরোয়ার্ড করা সুপারিশ পত্র, বিস্তারিত প্রকল্প প্রস্তাবনা, সোশ্যাল ল্যাবের সিদ্ধান্তের উল্লেখ করে পরিকল্পনা, সংলাপের মিনিট, এবং স্থানীয় ওয়ার্ড কাউন্সিলরের সুপারিশ অন্তর্ভুক্ত ছিল।

যে বিষয়গুলোর প্রতি গুরুত্ব আরোপ করা প্রয়োজন তা নিম্নরূপ:

সফলভাবে একটি প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়ার জন্য:

- ফরোয়ার্ডিং লেটার: এটি হল কভার লেটার যাতে প্রকল্প প্রস্তাবনার একটি সংক্ষিপ্ত সারাংশ থাকে, যেখানে এটি বাস্তবায়িত হতে হবে এবং কতজন লোক এটি থেকে উপকৃত হবে এবং কত বাজেট প্রয়োজন।
- প্রকল্প প্রস্তাবনা: এখানে ভূমিকা সহ, প্রস্তাবটি আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করা থাকে, প্রস্তাবের ন্যায্যতা, প্রকল্পের এলাকা যেখানে এটি বাস্তবায়িত হবে, কতজন লোক বা কত পরিবার উপকৃত হবে, বাজেট এবং কীভাবে এটি অর্থায়ন করা হবে, বিস্তারিত উল্লেখ থাকবে।
- মূল দলের মাধ্যমে সংগ্রহ করা স্থানীয় ওয়ার্ড কাউন্সিলরের কাছ থেকে পাওয়া সুপারিশ
- বাজেট- কার্যকলাপ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আনুমানিক খরচ
- সংলাপের কার্যবিবরণী: যেখানে মূল প্রস্তাবনা আলোচনা এবং সম্ভাব্য দাতা খুঁজে পাওয়া গেছে সংলাপের উল্লেখ করে তা প্রস্তাবনার সাথে সংযুক্ত করা হবে।

৩. ফলো-আপ পর্ব:

অ্যাডভোকেসি এবং শিখনের পাঠ

অ্যাডভোকেসি এবং ফলো-আপ (সংলাপ ৭): ৭ম সংলাপের সময়, স্বেচ্ছাসেবক এবং মূল দলের সদস্যরা জমা দেওয়া পরিকল্পনা পর্যালোচনা করে এবং অগ্রগতি অবহিত করে। মূল দল- এবং স্বেচ্ছাসেবক দলের-সদস্যরা জমা দেওয়া আবেদনের গ্রহণযোগ্যতা এবং অনুমোদন এবং পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সুনির্দিষ্ট অ্যাডভোকেসি ব্যবস্থা সম্পর্কে আলোচনা করে। পরিকল্পনাটি অন্য কোনো বিভাগ, ব্যক্তিগত সংস্থা বা ব্যক্তির কাছে জমা দেওয়া প্রয়োজন কিনা তা কমিটির সদস্যরা মূল্যায়ন করে সেই অনুযায়ী ফলো-আপ পদক্ষেপ গ্রহণ করে।

উদাহরণ: সিরাজগঞ্জ পৌরসভার ১৪ নং ওয়ার্ডে সোশ্যাল ল্যাব কোর টিম এবং স্বেচ্ছাসেবকরা যৌথভাবে ৭ম সংলাপ পরিচালনা করার জন্য মেয়র মহোদয়কে আমন্ত্রণ জানান। চরমলসা পাড়া বস্তিতে জলাবদ্ধতার দুই পাশের রাস্তা নির্মাণ কাজের যৌক্তিকতা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। একটি মাত্র বাঁশের সেতু থাকায় এবং রাস্তার অবস্থা খারাপ হওয়ায় বস্তির বাসিন্দাদের বস্তির মধ্যে চলাচল করতে এবং বাইরে যেতে অসুবিধা হচ্ছিল। বিশেষ করে শিশু, প্রতিবন্ধী ব্যক্তি, গর্ভবতী মহিলা এবং বয়স্ক ব্যক্তিরা তাদের চলাচলের জন্য প্রতিদিন সমস্যায় পড়েন। জরুরী পরিস্থিতিতে, জলাবদ্ধ রাস্তায় চলাচল করা যে কোনও অ্যাম্বুলেন্সের পক্ষে কঠিন। আলোচনা শেষে মেয়র অবিলম্বে সড়ক নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প প্রস্তাব অনুমোদন করেন। কয়েক সপ্তাহ পরেই মাটি ভরাটের কাজ শেষ হয় এবং মানুষ এটি ব্যবহার করতে শুরু করে।

এছাড়াও, স্বেচ্ছাসেবক এবং মূল দল ব্র্যাকের (যারা পৌর এলাকায় নগর অবকাঠামো উন্নয়ন কাজ প্রদানে অত্যন্ত অভিজ্ঞ) কাছে একটি কংক্রিট রাস্তা নির্মাণের প্রস্তাবের জন্য একটি আবেদন জমা দিয়েছে।

কার্যক্রম পুরো প্রক্রিয়া এবং শিখনগুলো পর্যালোচনা করে (সংলাপ ৮): ৮ম সংলাপটি সমস্যাগুলি সনাক্তকরণ থেকে শুরু করে অ্যাডভোকেসি ব্যবস্থা পর্যন্ত পুরো প্রক্রিয়া পর্যালোচনা করার জন্য নির্ধারিত। এই সংলাপ অধিবেশন চলাকালীন, মূল দল এবং স্বেচ্ছাসেবক দলের সদস্যরা সমস্যা-সমাধান প্রক্রিয়ার সময় তারা যে চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয়েছিল, তাদের উদ্ভূত শিক্ষা, এবং ভবিষ্যতে এই চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্য সম্ভাব্য প্রতিরোধমূলক ব্যবস্থাগুলো সনাক্ত করে।

প্রথম সমস্যাটির জন্য ডায়ালগ-৮ সম্পন্ন হওয়ার পরে, দ্বিতীয় চিহ্নিত সমস্যার জন্য প্রক্রিয়াটি শুরু থেকে শুরু হয়: ১. সমস্যা সনাক্তকরণ; ২. সমস্যা অগ্রাধিকার; ৩. সমাধান পরিকল্পনা (সম্ভাব্য স্টেকহোল্ডা অংশীদারদের খুঁজে বের করা এবং জমা দেওয়ার জন্য একটি প্রস্তাব প্রস্তুত করা); ৪. অন্যান্য প্রয়োজনীয় নথির পাশাপাশি প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করা এবং সংশ্লিষ্ট অংশীদারদের কাছে জমা দেওয়া; ৫. জমা দেওয়া প্রস্তাব অনুমোদনের জন্য ফলো-আপ; ৬. অনুমোদিত বাজেট সহ প্রকল্প বাস্তবায়ন।বাস্তবায়ন পর্বের ধাপ ১ থেকে শুরু হওয়া প্রতিটি সমস্যার জন্য এই চক্রটি পুনরাবৃত্তি করা হবে।

বছরে একবার, মূল দল এবং স্বেচ্ছাসেবক দলকে তাদের সমস্যা এবং চ্যালেঞ্জগুলো পর্যালোচনা করতে এবং বর্তমান কমিউনিটির প্রেক্ষাপট অনুসারে অগ্রাধিকার দিতে উৎসাহিত করে। এই প্রক্রিয়া চলাকালীন, যদি কোনও মূল দল বা স্বেচ্ছাসেবক দলের সদস্য অন্য জায়গায় চলে যান, আগ্রহ হারিয়ে ফেলেন বা পরপর তিনটি সংলাপ মিস করেন, তবে মূল ও স্বেচ্ছাসেবক দলের সদস্যের সাথে পরামর্শ করে একই বিভাগের কাউকে প্রতিস্থাপন করা উচিত।

এখানে উল্লেখ্য যে সোশ্যাল ল্যাব পদ্ধতিতে অভিজ্ঞতা অর্জন এবং বিভিন্ন কমিউনিটির সমস্যা সমাধানে সক্ষমতা বৃদ্ধির সাথে মূল দল এবং স্বেচ্ছাসেবক দলের সদস্যরা এডভোকেসি ও ফলো-আপ কাজ চালিয়ে যাওয়ার সময় এক সময়ে

একাধিক সমস্যা সমাধানের জন্য সিদ্ধান্ত: নিতে পারে। ধীরে ধীরে একটি সোশ্যাল ল্যাব একই ওয়ার্ডের আরও কমিউনিটিকে অন্তর্ভুক্ত করার জন্য প্রসারিত হতে পারে।

৪. টেকসই সোশ্যাল ল্যাবের মাধ্যমে প্রভাব বিস্তার করা

সমাজে দীর্ঘমেয়াদী ফলাফলের জন্য, দীর্ঘমেয়াদে সোশ্যাল ল্যাবগুলো পরিচালনা প্রয়োজন। অতএব, অংশীদারিত্ব একটি গুরুত্বপূর্ণ বিষয়। সোশ্যাল ল্যাবস এবং কমিউনিটি ডেভেলপমেন্টের প্রেক্ষাপটে অংশগ্রহণকারী অংশীদারদের বিশেষ করে সরকারী বিভাগ, এলজিআই, আইএনজিও/এনজিও, কমিউনিটিগুলোকে পৃথকভাবে বা যৌথভাবে রাজনৈতিক স্বদিচ্ছা, প্রতিশ্রুতি এবং মালিকানা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদি এটি অর্জন করা না যায়, দাতারা তাদের সহযোগিতা বন্ধ করে দেবে।

অংশগ্রহণকারী অংশীদারদের অংশীদারিত্ব এবং সোশ্যাল ল্যাবগুলোর স্থায়িত্ব নিশ্চিত করার জন্য ইউএমআইএমসিসি/ইউএমএমএল প্রকল্পের অভিজ্ঞতা থেকে নিম্নলিখিত বিষয়গুলি নেওয়া যেতে পারে:

সক্ষমতা বাড়ানো:

- স্বেচ্ছাসেবক দল এবং মূল দলের সদস্যদের অংশগ্রহণমূলক পরিকল্পনা, অ্যাডভোকেসি এবং নেটওয়ার্কিং দক্ষতা সম্পর্কিত সক্ষমতা তৈরি করা গুরুত্বপূর্ণ।

ভূমিকা এবং দায়িত্ব নির্ধারণ করা:

- ডিএসএস/ ডিডব্লিউএ/ ডিওয়াইডি এর মত যেকোন সরকারী বিভাগ এবং কমিউনিটির অংশগ্রহণের জন্য একটি ইতিবাচক পন্থা হিসাবে সোশ্যাল ল্যাবস প্রক্রিয়া গ্রহণ করতে পারে এবং সোশ্যাল ল্যাব চালানোর জন্য বাজেটের বিধান রাখতে পারে।
- বর্তমান কর্মক্ষেত্রে, অন্যান্য আইএনজিও/এনজিও যারা জড়িত, তারা সোশ্যাল ল্যাব চলমান রাখার জন্য স্পষ্টভাবে তাদের সহায়তার হাত প্রসারিত করতে পারে।
- যেহেতু স্বেচ্ছাসেবক দলের সদস্যরা স্থানীয় কমিউনিটির, অতএব তারা এই পদ্ধতির দ্বারা উপকৃত হয়, তাহলে তারা বিভিন্ন সরকারি দপ্তরের সহযোগিতায় সোশ্যাল ল্যাবের কার্যক্রম চলমান রাখতে পারে।

সমস্যা বিশ্লেষন ও অন্যান্য ক্ষেত্রে প্রয়োগের জন্য একটি পরিবেশ তৈরী করা:

স্থানীয় কাউন্সিলরবৃন্দ সোশ্যাল ল্যাবের সাথে অতোপ্রতোভাবে জড়িত। একজন কাউন্সিলর যদি খুব প্রতিশ্রুতিবদ্ধ হন তবে অংশীদারিত্ব নিয়ে তাদের নিজ ওয়ার্ড বা কমিউনিটির সোশ্যাল ল্যাব চালিয়ে যেতে পারে।

টেকসই সোশ্যাল ল্যাবগুলোর মাধ্যমে প্রভাব তৈরি করা

অধ্যায়-৩

সোশ্যাল ল্যাবের সাফল্যের গল্প

৩. বস্তির বাসিন্দাদের জীবন-মানের অবস্থার উন্নতি: তৃনমুল পর্যায়ের অভিজ্ঞতা

সাফল্যের গল্প ১: পরিত্যক্ত স্থানে: কমিউনিটির সংযোগের জন্য রাস্তা নির্মাণ

ক. খুলনা সিটি কর্পোরেশন, সোশ্যাল ল্যাব-১

এক নজরে বিস্তারিত:

- অবস্থান: রায়ের মহল বস্তি, ওয়ার্ড-১৪, খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি)
- সমাপ্তির সময়কাল: ০৬/০৯/২০২১ - ৩১/০১/২০২২
- ফলাফল: ৬০ মিটার রাস্তা নির্মিত হয়েছে
- মূল অংশীদার: ইউএনডিপি

কোর টিম ও স্বেচ্ছাসেবক দলের সদস্যগণ চিহ্নিত সমস্যাসমূহ লিপিবদ্ধ করছেন

সদস্যরা তাদের কাজসমূহ ভাগ করে নিচ্ছেন

প্রথম সংলাপ ১০/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখে কোর টিম এবং কমিউনিটি স্বেচ্ছাসেবক দল এর মধ্যে অনুষ্ঠিত হয়। সংলাপে মোট আটটি সমস্যা চিহ্নিত করা হয়; ১. রাস্তার সমস্যা, ২. স্যানিটারি টয়লেটের অভাব, ৩. নিরাপদ পানির অভাব, ৪. ড্রেনেজ সমস্যা, ৫. রাস্তার আলোর অভাব, ৬. জলাবদ্ধতা, ৭. যুবকদের কর্মসংস্থানের অভাব, এবং ৮. গর্ভবতী মহিলাদের পুষ্টি ও সচেতনতার অভাব।

পরবর্তীতে ২৮/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখে ২য় সংলাপে সমস্যাগুলিকে তাৎক্ষণিক প্রয়োজন এবং অল্প সময়ের মধ্যে সমস্যা সমাধান করার ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হয়। দলের সদস্যরা নিরপেক্ষ ভোটের মাধ্যমে অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করেন। তালিকায় মোট ছয়টি সমস্যাকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। তন্মধ্যে, প্রধান দুটি সমস্যা সমাধানের জন্য অগ্রাধিকার দেওয়া হয়েছে: ১. রাস্তার সমস্যা এবং ২. স্যানিটারি টয়লেটের অভাব। সংলাপ শেষে কোর টিমের সদস্যরা চিহ্নিত সমস্যা সমাধানের জন্য স্বেচ্ছাসেবকদের দল সরেজমিনে পরিদর্শন করেন।

প্রস্তাবিত সড়ক নির্মাণ লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করা হয় খুলনা সিটি করপোরেশনের (কেসিসি) ১৪ নং ওয়ার্ডের রায়েরমহল বস্তিতে মরিয়ম বেগমের বাড়ি থেকে রেশমা বেগমের বাড়ি পর্যন্ত। মাটির রাস্তাটি দীর্ঘদিন ধরে চলাচল অনুপযোগী অবস্থায় আছে। বর্ষাকালে জলাবদ্ধতা দেখা দেয় এবং এলাকার লোকজনের চলাচলে অনেক সমস্যা হয়। শিক্ষার্থী, বৃদ্ধ, শিশু ও গর্ভবতী নারীদের কর্দমাক্ত মাটি দিয়ে চলাচল ছিল ঝুঁকিপূর্ণ। এমতাবস্থায় অসুস্থ ব্যক্তিদের দ্রুত হাসপাতালে নেওয়া সম্ভবপর ছিলো না। এই কর্দমাক্ত রাস্তা দিয়ে প্রায় ১৫০০ মানুষ চলাচল করে থাকে।

